



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
<http://dpe.mymensinghdiv.gov.bd>

নম্বর: ৩৮.৪৫.০০০০.০০০.০০০.০৮.০০০৯.২৫.১৯৯

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগের আওতাধীন নিম্নবর্ণিত শিক্ষককে তার নামের পাশে বর্ণিত সময়ের জন্য উল্লিখিত দেশ ভ্রমণের অনুমতি সহ নির্ধারিত ছুটি বিয়মিমালা ১৯৫৯ এর ৩(১)(iii) ধারা মোতাবেক অর্ধগড় বেতনে বহিঃ বাংলাদেশ ছুটি শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হলো:

ক্রমিক নং	শিক্ষকের নামপদবী ও কর্মস্থল	ভ্রমণের সময় কাল	ভ্রমণের উদ্দেশ্য	যে দেশ ভ্রমণ করবেন
১	জনাব সৈয়দা সালমা বেগম সহকারী শিক্ষক দাদরা সরকারী প্রাথমিক বিদ্যালয় তারাকান্দা, ময়মনসিংহ	২৮/০৪/২০২৬ তারিখ হতে ১৬/০৬/২০২৬ খ্রিঃ পর্যন্ত অথবা ভ্রমণের তারিখ হতে ৫০(পঞ্চাশ) দিন।	পবিত্র হজ্জ পালন	সৌদি আরব

শর্তাবলী :

- আবেদনকারীর ছুটির হিসাবে ছুটি পাওনা থাকতে হবে ;
- ছুটিতে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা /থানা শিক্ষা অফিসার এবং উপজেলা /থানা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে ;
- বর্ণিত শিক্ষক বাংলাদেশে প্রত্যাবর্তনের পরে অনতিবিলম্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা /থানা শিক্ষা অফিসার এবং উপজেলা /থানা শিক্ষা অফিসারের নিকট রিপোর্ট করবেন ;
- বিদেশে গমন ও অবস্থানের জন্য সরকারের উপর কোন আর্থিক দায় -দায়িত্ব বর্তাবে না ;
- তিনি ছুটিকালীন সময়ের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রাপ্য হবেন ;
- তিনি নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না ;
- অনুমোদিত বহিঃবাংলাদেশ ছুটি পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন ভাতাদি প্রাপ্য হবেন না ;
- অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- এ ছুটি ভোগের ক্ষেত্রে B.S.R(part-1) এর Appendix-viii এর Rule-34 এর বিধান প্রযোজ্য হবে
- জনাব সৈয়দা সালমা বেগম এর মামা মোঃ কলিমুল্লাহ খান সফরসঙ্গী হবেন।

১২-০৪-২০২৬

তাহমিনা খাতুন

বিভাগীয় উপপরিচালক(ভারপ্রাপ্ত) (কটিন দায়িত্ব)

নম্বর: ৩৮.৪৫.০০০০.০০০.০০০.০৮.০০০৯.২৫.১৯৯/১ (৫)

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- পরিচালক, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।।
- জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, ময়মনসিংহ।
- উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, তারাকান্দা, ময়মনসিংহ।।
- উপজেলা হিসাবরক্ষণ অফিসার, উপজেলা হিসাবরক্ষণ অফিসারের কার্যালয়, তারাকান্দা, ময়মনসিংহ এবং

৫। জনাব সৈয়দা সালমা বেগম, সহকারী শিক্ষক, দাদরা সরকারী প্রাথমিক বিদ্যালয় তারাকান্দা, ময়মনসিংহ।



A handwritten signature in black ink, located to the right of the QR code.

১২-০৪-২০২৬

তাহমিনা খাতুন

বিভাগীয় উপপরিচালক(ভারপ্রাপ্ত) (কটিন দায়িত্ব)